R. N. No 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

বিবাহ উৎসবে
ভি, ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৭৫শ বর্ষ
১৯শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১১ই আশ্বিন বুধবার, ১৩৯৫ সাল।
২৮শে সেপ্টেম্বর, ১৯৮৮ সাল।

নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০,

## ফরাক্কা ব্যারেজ প্রোজেক্টে প্রশাসন বলতে কিছু নেই

ফরাক্কা ব্যারেজ প্রোজেক্টের উদ্বৃত্ত কর্মীর পরিসংখ্যানে দিল্লী থেকে উচ্চ পর্যায়ের এক প্রতিনিধি দল এখানে এসে তদন্ত করে গেছেন। এই নিয়ে কর্মী ইউনিয়নগুলো চিন্তিত ও ক্ষুব্ধ। কর্মী ছাটাইয়ের বিরুদ্ধে তারা আন্দোলনের মহড়া দিচ্ছেন। অন্যদিকে আমাদের এক প্রতিনিধি ফরাক্কা ব্যারেজ প্রোজেক্টের কিছু দপ্তর ঘুরে দেখে এসেছেন সেখানকার ঢিলেঢালা প্রশাসনের নগ্নরূপ। অফিসে বেশীর ভাগ কর্মী কখন কাজে আসেন বা যান বা কার কি কাজ বোঝা যায় না। এই ডামাডোলের কারণ সম্বন্ধে জানা যায় বর্তমান জেনারেল ম্যানেজার ওয়াই ভি আর রেড্ডি ১৯৮৭-র অক্টোবর মাসে এখানকার দায়িত্বভার সরকারীভাবে নিলেও তিনি বেশীর-ভাগ সময় ফরাক্কায় থাকেন না। বর্তমানে বেশ কিছুদিন হল তিনি ছুটি নিয়ে নাকি দেশের বাড়ীতে আছেন। তাঁর দায়িত্বে এখানে কাজ চালিয়ে যাচ্ছেন জি এস মূর্তি। তিনি অবসরের মুখে তাই নতুন ভাবে কোন ঝুঁকি নিতে চাইছেন না। উল্লেখ্য, বর্তমান জেনারেল ম্যানেজার ওয়াই ভি আর রেড্ডি কয়েক বছর আগে ফরাক্কা ব্যারেজের সুপারিনটেনডেন্ট ইঞ্জিনীয়ার থাকাকালীন ব্যারেজের একটা কাজে বহু টাকা তছরূপের অভিযোগে তাঁর বিরুদ্ধে সি বি আই তদন্ত শুরু হয়। এছাড়া ওয়ারেন্টজারী এবং বাড়ি সার্চ হয়। বেগতিক দেখে শ্রীরেড্ডি জঙ্গিপুর কোর্টে আত্মসমর্পণ করে জামিন নেন। বর্তমানে (শেষ পৃষ্ঠায়)

## স্কুল স্পোর্টস কমিটি নতুন করে তৈরী হলো

রঘুনাথগঞ্জ : জঙ্গিপুর মহকুমা স্কুল স্পোর্টস কমিটি বেশ কয়েক বছর ধরে সম্পূর্ণ নিষ্ক্রিয় ছিল। এই কমিটির কর্মকর্তাদের কার্যাকলাপ নিয়ে জঙ্গিপুর সংবাদ-এ খবরও প্রকাশ পায়। সম্প্রতি মহকুমা স্পোর্টস্ কমিটি নতুনভাবে তৈরী করা হয়েছে। এক্স অফিসিয়ো প্রেসিডেন্ট মহকুমা শাসক ও সেক্রেটারী নির্বাচিত হন সুবোধ দাস। স্কুল স্পোর্টস কমিটির উদ্যোগে। গ্রীষ্মকালীন খেলাধূলা সবে মাত্র শেষ হলো। এতে মহকুমার স্কুলগুলি বালক ও বালিকা উভয় বিভাগের খো খো ও কাবাডি প্রতিযোগিতায় যোগ দেয়। খেলা হয় শ্রীকান্তবাটী হাই স্কুল মাঠে। বালক বিভাগের কাবাডিতে জঙ্গিপুর হাই স্কুল শরৎচন্দ্র ঘোষ রানিং শিল্ড, বালিকাদের কাবাডিতে সাগরদীঘি বালিকা বিদ্যালয় নরেন্দ্রনাথ দাস রানিং শিল্ড লাভ করে। খো খো প্রতিযোগিতায় বালক বিভাগে সাগরদীঘি এস এন হাই স্কুল (৩য় পৃষ্ঠায়)

## সামাজিক বনসৃজন প্রকল্পে দ্বি-বার্ষিক হিসাব নিতে সভা

রঘুনাথগঞ্জ : গত ১৫ সেপ্টেম্বর রঘুনাথগঞ্জ ১নং ব্লকের কুলুরী গ্রামে এক সভা হয়। সভায় ব্লকের বিডিও, তথ্য সংস্কৃতি দপ্তরের উপবিভাগীয় অফিসার ও স্থানীয় কৃষিজীবীরা উপস্থিত ছিলেন। সেখানে পঞ্চায়েত সমিতি কর্তৃক সামাজিক বনসৃজন প্রকল্পের দু'বছরের হিসাব পেশ করা হয়। ১৯৮৬-৮৭ তে মোট ৩ হেক্টার জমিতে ৬০০০ চারাগাছ লাগানো হয়। তার মধ্যে ৪৫০০ মতো গাছ টিকে রয়েছে। খরচ হয়েছে টাকার মূল্য ১২,৩০০ টাকা এবং ২৪ মেট্রিক টন গম। ১৯৮৭-৮৮ তে মোট ৩৮ হেক্টর জমিতে চারা লাগানো হয় ৭৬,০০০। তার মধ্যে প্রায় ৫৪,০০০ বেঁচে আছে। খরচ পড়েছে টাকার ৬৫,০০০ এবং ৩৪ মেট্রিক টন গম। বর্তমান আর্থিক বৎসর ১৯৮৮-৮৯ এ ৪৫ হেক্টর জমি এই প্রকল্পের (শেষ পৃষ্ঠায়)

## জাতীয় সংহতির উদ্দেশ্যে মৈত্রী যাত্রা

ফরাক্কা, ১৯ সেপ্টেম্বর : গত ১৮ সেপ্টেম্বর কলকাতার 'সী এক্সপ্লোরাস' ইন্সটিটিউট' এর ছয় জন দুঃসাহসী অভিযাত্রীকে মুর্শিদাবাদ জেলা ক্রীড়া ও যুব কল্যাণ বিভাগ স্থানীয় রিক্রিয়েশন সেন্টারে সম্বর্ধনা জানান। অনুষ্ঠানকে সাফল্যমণ্ডিত করতে জেলা প্রশাসন, এন টি পি সি, ফরাক্কা ব্যারেজ প্রোজেক্ট ও ফরাক্কা ব্লক যুব বিভাগ আন্তরিক-ভাবে সহযোগিতা করেন। সম্বর্ধনার অঙ্গ হিসাবে ফরাক্কা ব্লক যুব বিভাগ স্থানীয় শিল্পী সমন্বয়ে একটি সাংস্কৃতিক সন্ধ্যার ব্যবস্থা করেন। এক সাক্ষাতকারে অভিযাত্রী অরিন্দম বোস প্রতিবেদক পার্থগোপাল মুখোপাধ্যায় ও সুব্রত প্রামাণিককে জানান, কলকাতার 'সী এক্সপ্লোরাস' ইন্সটিটিউট' জাতীয় সংহতির উদ্দেশ্যে 'মৈত্রী যাত্রা' শুরু করেন গত ২২-১-৮৮ তে। ওঁরা ওঁদের যাত্রাকে তিনটি পর্যায়ে বিভক্ত (শেষ পৃষ্ঠায়)

## থানা মুক্তিবাবুর হাতের মুঠোয় এ ধারণা এখানকার মানুষের

সাগরদীঘি : স্থানীয় সাধারণ মানুষ যে কোন ব্যাপারেই থানায় যেতে ভয় পায়। তাদের মুখে এক কথা— বড়বাবুর কাছে যেতে গেলে প্রথম পাসপোর্ট লাগে সি পি এম পার্টির লোকাল কমিটির সদস্য জবরদস্ত নেতা জনৈক মুক্তিবাবুর। মুক্তিবাবুই নাকি এখন থানার সব। ডাইরী করা যাবে কিনা, কোন মামলা গ্রহণ করা হবে না হবে তা ডিক্টেট করেন নাকি ঐ নেতাটি। সাগর-দীঘির সাধারণ খেটে খাওয়া অনেক মানুষের কাছে সি পি এমের শৈলজাবাবু এখনও দেবতা। তারা এখনও জানে (শেষ পৃষ্ঠায়)

পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

## জঙ্গিপুর সংবাদ

১১ই আশ্বিন বুধবার ১৩৯৫ সাল

# নিরাপত্তা কোথায় ?

দিন যত যাইতেছে মানুষ বুঝি ততই নিরাপত্তা-হীনতা বোধ করিতেছে। কোথাও নিরাপত্তা নাই। ঘরে ও ঘরের বাহিরে সেই অভাব আজ বিশেষভাবে প্রকট হইয়া উঠিয়াছে। তবে কি ইহাই বলিতে হইবে—যে নিরাপত্তা-হীনতার পিছনে রহিয়াছে সাম্প্রতিককালে মানুষের অপরাধ প্রবণতার উলঙ্গ উদ্ধত আত্ম-প্রকাশ ? হয়ত তাহাই। দিনের পর দিন মানুষের এই অপরাধ প্রবণতা বাড়িয়া চলি-য়াছে। বাড়িয়া চলিয়াছে বলিয়াই ঘরে বাহিরে এত চুরি ডাকাতি—ছিনতাই, গুম, খুন এমনি আরও কত শত অপরাধ। পথে প্রান্তরে পথচারী মানুষের নিরাপত্তার অভাব জনজীবনে ক্রমাগত ভীতি ও সন্ত্রাসের কালো ছায়া বিস্তার করিতেছে। ঘরের বাহিরে মানুষ বাহির হইয়া গিয়া যতক্ষণ না ফিরিয়া আসে ততক্ষণ পর্য্যন্ত সেই দুশ্চিন্তা ও দুর্ভাবনার মেঘ পরি-বারের মানুষের মনের আকাশে জমিয়া থাকে। নির্জন প্রান্তরের বুকের উপর দিয়া পথচারীর চরম একাকীত্বের সুযোগে তাহার জিনিষপত্রের খোয়া যাওয়া তথ্য প্রাণহানির সংশয়ের ঘটনা হইতে আরম্ভ করিয়া বহুজন-বাহী রেল গাড়ীর উপর বহুজন সমক্ষে ছিনতাই ডাকাতি এবং জখম এখনকার দিনে নিত্যকার ব্যাপার হইয়া উঠিয়াছে। ঘরের মধ্যেও কি নিরাপত্তা আছে ? বোধ হয় না। এতদ অঞ্চলের বেশ কয়েকটি ঘটনা তাহার সাক্ষ্য বহন করিতেছে। কর্মক্লান্ত মানুষ আপন গৃহে শান্তিতে শুইয়া নৈশ নিদ্রা ভোগ করি-বার সেই সুযোগটুকু পর্য্যন্ত হারাইয়া গিয়াছে। তাহাদের চোখের ঘুম কাড়িয়া লইয়াছে হানাদার দুর্বৃত্ত ডাকাতের দল। গ্রামে ঘরে যেমন চোর ডাকাতের ভয়ে সৃষ্টি হইয়াছে বিভীষিকা তেমনি পথে ঘাটে রেলে বাসে ছিনতাইকারী দুর্বৃত্তদের অত্যাচারে সৃষ্টি হইয়াছে ভীতির সাহারা। ঘরে ও বাহিরে গৃহবাসী ও পথচারী মানুষ কত অসহায় হইয়া পড়িতেছে। বর্তমানকালের যন্ত্র-যন্ত্রণা তথা যুগ-যন্ত্রণার কালিমা আজ প্রতিটি মানুষের অস্থিতে পঞ্জরে জমিয়া উঠিয়াছে। কালের যন্ত্রণায় এবং তদারকীতে মানুষ আজ কলের পুতুল হইয়া পড়িয়াছে। কিন্তু পুতুলের জীবনেরও শান্তি নাই, নাই নিরাপত্তা। নিত্যকার জীবন যুদ্ধে ক্ষত বিক্ষত কলের পুতুল এই সব মানুষের জীবনে জাগিয়া উঠিতেছে মুহুর্মুহু নাভিশ্বাস এবং জীবনের পরতে পরতে জমিয়া উঠিতেছে নৈরাশ্যের কালো অন্ধকার। তবে সুস্থ বিকারহীন জীবন কি ফিরাইয়া আনা যায় না? গৃহবাসী কিংবা পথচারী মানুষদের জীবনে কি নিরাপত্তার ব্যবস্থাও করা যায় না? দুষ্কৃতকারী দুঃশাসনদের দমনের যদি দৃঢ় ব্যবস্থা না করা হয় তবে তাহাদের নিরাপত্তা হননের উদগ্র অপরাধ প্রবণতা উত্তরোত্তর বাড়িয়া চলিবে বৈ কমিবে না।

# চিঠি-পত্র

( মতামত পত্র লেখকের নিজস্ব )

## বেআইনী হাট প্রসঙ্গে

আপনার জঙ্গিপুর সংবাদ-এ ( ১০ই আগষ্ট, ১৯৮৮ ) 'সরকারী আদেশের পরোয়া না করে হাট চলছে' শিরোনামায় যে সংবাদ পরিবেশিত হয়েছে তা সম্পূর্ণ ভিত্তিহীন। আমাদের হাট সরকারী লাইসেন্স প্রাপ্ত। যার লাইসেন্স নং ১/৮৭৮৮ তাং ১৭-৩-৮৮ রঘুনাথগঞ্জ-২ ব্লক। মোঃ তামিজুদ্দিন বিশ্বাস, মোঃ হসিবুর রহমান ( ইজারদার ) পোঃ+গ্রাম কুলগাছি ২০।৯।৮৮

[ পত্র লেখকের প্রতিবাদের কোন অর্থ আছে বলে আমরা মনে করি না। আমাদের যে বক্তব্য সরকার থেকে বার বার আমাদের পত্রিকায় ঘোষিত নির্দ্দেশ—বর্ডার হতে ৮ কিমি মধ্যে কোন পশু হাটের লাইসেন্স দেওয়া হবে না। আমাদের খবর গরুর হাটটি ৮ কিমির মধ্যে। অবশ্য এ কথাও সত্য অথরিটি যখন হাটের লাইসেন্স দিয়েছেন তখন ধরে নিতে হবে সমস্ত আইন দেখেই দিয়েছেন। তবু উর্দ্ধতন সরকারী কর্তৃপক্ষের এ সম্বন্ধে অনুসন্ধান করে একটি সার্টিফিকেট হাট মালিককে দেওয়া উচিত—সম্পাদক ]

## সংকট কাটলো প্রসঙ্গে

আপনার পত্রিকায় প্রকাশিত গত ৭ই সেপটেম্বর তারিখে 'কলেজের সংকট কাটলো' শীর্ষক সংবাদটির মধ্যে তথ্যগত কিছু ত্রুটি আছে। জঙ্গিপুর কলেজে প্রাতঃকালীন বিভাগে সহযোগিতার প্রথম হাতটি বাড়িয়ে-ছিলেন ইতিহাসের অধ্যাপক অজিত মুখো-পাধ্যায়। এ ছাড়া আর কোনও অধ্যাপক ( এমন কি যাঁরা প্রগতিশীল এবং বামপন্থী মনোভাবাপন্ন বলে চিহ্নিত ) সহযোগিতার জন্য কোন সহি করেননি। বরঞ্চ জটিলতার সৃষ্টি করেছিলেন। পরবর্ত্তীকালে কলেজের বর্তমান গর্ভনিং বডির সভাপতি মৃগাঙ্ক ভট্টাচার্য এস্ এফ. আই, ছাত্র পরিষদ—সমস্ত দলের ছাত্র প্রতিনিধিদের নিয়ে অধ্যাপকদের সঙ্গে আলোচনায় বসেন। আলোচনা ফলপ্রসূ হয়। একটি প্রশ্ন এখানে স্বভাবতঃ এসে যায়: যে কলেজের অধ্যাপকদের বেতন বৃদ্ধির দাবীদাওয়া সম্বলিত কনভেনশনে জঙ্গিপুর মহকুমার প্রায় সমস্ত অভিভাবকেরা দলমত নির্বিশেষে তাঁদের পাশে এসে দাঁড়ান —সেই শ্রদ্ধেয় প্রগতিশীল অধ্যাপকেরা কত সহজে নিজেদের সুখ-সুবিধাকে উর্ধে স্থান দিয়ে স্থানীয় ছেলেমেয়েদের স্বার্থ উপেক্ষা করতে পারেন। তবু আশার কথা সংকট অনেকটা কেটেছে। যদিও বেশীর ভাগ অধ্যাপক প্রাতঃকালীন বিভাগে ক্লাস নিচ্ছেন না। কলেজের সংকট মোচনের কৃতিত্বের সিংহভাগ পাঁচজন অধ্যাপকের কিনা তার বিচার সচেতন ছাত্র-ছাত্রী অভিভাবকদের হাতে ছেড়ে দিলে ক্ষতি কি? —জনৈক অভিভাবক, জঙ্গিপুর।

# ক্ষমতা অপব্যবহারের নমুনা

রঘুনাথগঞ্জ : অনেকেই হয়তো জানেন না, গত ২৪ ও ২৫ সেপটেম্বর জঙ্গিপুর মিউনিসি-প্যালিটি হলে সি পি আই (এম) এর রঘুনাথ-গঞ্জ ১নং ব্লক লোকাল কমিটির যে বার্ষিক সম্মেলন হয়ে গেল চারদিক লালে লাল করে তা ক্ষমতাসীন দলের ক্ষমতা অপব্যবহারের আরো একটি নজির স্থাপন করতে সাহায্য করেছে। কারণ, পুরবাসীরা সকলেই জানেন, আগের মত সভা-সমিতি করার জন্য এখন আর মিউনিসিপ্যাল হল ভাড়া দেওয়া হয় না দোতালায় এ্যাকাউন্ট আর এডুকেসন সেকশন খোলায়। কিন্তু এদের ক্ষেত্রে সে সবের তোয়াক্কা না করে অফিসের চেয়ার, টেবিল, আলমারী বাইরে বার করে দিব্যি দু'দিন ধরে সম্মেলন চলে। শুধু তাই নয়—এ বাবদ যে বিদ্যুৎ ও সাফাই খরচ হয়েছে, তাও নাকি গিয়েছে পুরসভার খাত অর্থাৎ নাগরিকদের পকেট থেকে। এদের কাণ্ড-কারখানা দেখে অভিজ্ঞ নাগরিকদের অনেকের মনে হয়েছে, কংগ্রেস আমলকেও এরা লজ্জা দিয়েছে।

## লাইনে দাঁড়ানো নিয়ে খণ্ডযুদ্ধ, পুলিশের লাঠি চার্জ্জ

রঘুনাথগঞ্জ : ২৯ সেপটেম্বর স্থানীয় ষ্টেট ব্যাঙ্ক শাখা জঙ্গিপুর পুর এলাকায় যাঁদের বাৎসরিক আয় ৬০০০ টাকার নীচে তাঁদের স্বনির্ভর প্রকল্প খাতে ঋণের জন্য ফরম বিলি করেন। ২১৯ জনকে ফরম দেওয়া হয়। এর থেকে এক তৃতীয়াংশের মধ্যে ঋণ বিলি করা হবে। প্রার্থীদের দীর্ঘ লাইন রাস্তা ছাপিয়ে যায়। লাইনে দাঁড়ানো নিয়ে প্রার্থীদের মধ্যে খণ্ডযুদ্ধ শুরু হলে ব্যাঙ্ক কর্তৃপক্ষ পুলিশের শরণাপন্ন হন। শান্তি আনতে পুলিশকে লাঠি চার্জ করতে হয়।

## স্কুলের জমি নিয়ে গুলি

ধুলিয়ান : বাউরীপুনো প্রাইমারী স্কুল গৃহের জমির পরিমাণ পূর্ব রেকর্ডে ছিল ২ শতক, কিন্তু হাল সেটেলমেন্টে সেই পরিমাণ ৪ শতক হয়ে যায়। এ ব্যাপারে স্থানীয় জনৈক রেজাউল সেখ আপত্তি তোলেন। বিষয়টির নিষ্পত্তির জন্য সম্প্রতি সুতির বি ডি ও, স্কুল ইন্সপেক্টার ও স্থানীয় বিধায়ক তোয়াব আলি সেখানে সরজমিনে যান। উক্ত স্কুলের প্রধান শিক্ষক ও কংগ্রেস (ই) এর প্রাক্তন প্রধান সুরুল হক ও রেজাউল সেখের মধ্যে বচসা শুরু হয় এবং শেষ পর্যন্ত প্রধান শিক্ষকের বাড়ি জাহচুর ও পার্শ্ববর্তী সাইফুদ্দিনের বাড়িতে হামলা চালান হয়। সাইফুদ্দিনের ছেলে দোতলা থেকে বন্দুকের গুলি ছোড়ে। সেই গুলি গলায় বিদ্ধ হয়ে রেজাউল গুরুতর আহত হন। তাকে বহরমপুর হাসপাতালে ভর্তি করা হয়েছে। এখনও রেজাউলের সঙ্কট কাটেনি বলে জানা যায়।

## ছেলের মৃত্যুতে মা-বাবা গ্রেপ্তার

সাগরদীঘি : গত ২২ সেপ্টেম্বর এই থানার থাটোয়া গ্রামের রণজয় মণ্ডল (৪০) মারা যায়। গ্রামবাসীরা রণজয়ের মৃত্যুকে স্বাভাবিকভাবে মেনে নেননি। রণজয়কে দুধের সঙ্গে কীটনাশক ওষুধ মিশিয়ে পান করিয়ে তার মা শান্তিবালা তাকে হত্যা করেছে বলে গ্রামবাসীরা পুলিশকে জানায়। পুলিশ ঘটনাস্থল থেকে রণজয়ের বাবা, মা ও দুই বোনকে গ্রেপ্তার করে। পারিবারিক অশান্তিই এই মৃত্যুর কারণ বলে পুলিশের ধারণা।

## কলেজে শিক্ষাগত কিছু বিশেষ ব্যবস্থা চালুর দাবী

জঙ্গিপুর : স্থানিয় কলেজছাত্র সংগঠনের পক্ষে ছাত্র পরিষদের সভাপতি ও সম্পাদক লিখিতভাবে কলেজ পরিচালন বোর্ডের কাছে কয়েকটি বিশেষ দাবী বিবেচনার জন্য পেশ করেছেন। তাঁদের বক্তব্য হলো কিছু কিছু অধ্যাপক প্রাত: বিভাগ চালু হওয়ায় তার বিপক্ষে মতামত ব্যক্ত করেছেন। কিন্তু বৃহত্তর ছাত্রছাত্রীদের সুবিধার দিকে লক্ষ্য রেখে এ ব্যবস্থা চালু করা ছাড়া কোন গত্যন্তর নেই। বরং একজোট হয়ে বিশ্ববিদ্যালয় থেকে এর অনুমোদন ও অর্থ সাহায্যের চেষ্টা চালিয়ে যেতে হবে। যতদিন তা পাওয়া না যাবে, ততদিন কলেজ থেকেই একটা ফাণ্ড তৈরী করে দুঃস্থ ও সিডিউলড কাষ্ট/ট্রাইবস্ ছাত্রছাত্রীদের যতটুকু সম্ভব সাহায্য করতে হবে। কলেজে একাদশ শ্রেণীর ছাত্রছাত্রীদের পূর্বের মত বই দেওয়ার ব্যবস্থা করতে হবে। ঐ শ্রেণীতে কমার্স বিজনেস ম্যানেজমেন্ট চালু করতে হবে। বি, কম একাউন্টেনসিতে অনার্স, জুলজিতে অনার্স ও বোটানিতে অনার্স চালু করতে হবে। অর্থাৎ জঙ্গিপুর কলেজকে এমনভাবে সাজাতে হবে যেন স্থানীয় কোন ছাত্রছাত্রীকে পড়াশুনার জন্য বাইরে যেতে না হয়। আপাতত যেসব বিষয়ে অনার্স চালু রয়েছে তারজন্য উপযুক্ত পরিমাণ অধ্যাপকের ব্যবস্থা করারও বিশেষ প্রয়োজন।

## বোগদাদনগর অঞ্চলে উপ-নির্বাচনে সি পি এমের জয়

ধুলিয়ান : গত ১৮ সেপ্টেম্বর সমসের-গঞ্জ ব্লকের বোগদাদনগর অঞ্চলের মহেশটোলা গ্রাম পঞ্চায়েতের উপ-নির্বাচন শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়। সি পি এম ছাড়া আর যেসব প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করে তাদের মধ্যে ছিল ফ্রন্টের শরিক দলের ফরওয়ার্ড ব্লক এস ইউ সি ও বি জে পি। দুটি আসনে উপ নির্বাচন হয়। ফরওয়ার্ড ব্লকের ব্যাপক প্রচেষ্টা সত্বেও সি পি এম বিপুল ভোটে জয়লাভ করে। প্রত্যেক ভোটার দুটি করে ভোট দেয়। মোট ভোটার ৮০৩, পোল হয় ৭১২, সি পি এম—৪৪০ ও ৪৩০, ফরওয়ার্ড ব্লক ২৩০ এবং ২৪০, এস ইউ সি মাত্র ৩০, বি জে পি একটি ভোটও পায়নি।

## কংগ্রেস প্রধান অঞ্চলগুলি ব্লকের সাহায্য বঞ্চিত

জঙ্গিপুর : রঘুনাথগঞ্জ ২নং ব্লক পঞ্চায়েত সমিতির প্রাক্তন কংগ্রেস সভাপতি আমজাদ আলি অভিযোগ করেন, বর্তমান সি পি এম সভাপতি মহঃ গিয়াসুদ্দিন ইচ্ছাকৃতভাবে যেসব অঞ্চল এখনও কংগ্রেস দখলে রয়ে গেছে তাদের শায়েস্তা করার মনোভাব নিয়ে সবরকম সরকারী সাহায্য থেকে বঞ্চিত করছেন। ফলে সেইসব অঞ্চলের গরীব খেটে খাওয়া মানুষেরা সরকারী সুযোগ সুবিধা কিছুই পাচ্ছেন না। সরকারী বিশদফা কর্মসূচীর অন্তর্ভুক্ত সার্বিক গ্রামীণ উন্নয়ন কর্মসূচী (আই আর ডি পি বা ডি আর ডি এ) প্রকল্প রূপায়ণে কোন সাহায্যই ঐসব অঞ্চলকে দেওয়া হচ্ছে না বলে তিনি অভিযোগ তোলেন। প্রমাণ হিসাবে বলেন—তেঘরী ২নং ও সেখালীপুর অঞ্চল দুটি কংগ্রেস দখলে রয়েছে বলে সেখানে কোন সাহায্য না দেওয়ার ব্যবস্থা হয়েছে। সি পি এম সভাপতি মহঃ গিয়াসুদ্দিন এত কট্টর মনোভাবাপন্ন যে তিনি কংগ্রেস সভাপতিদের সাথে কথা বলা বা আলোচনা করার ভদ্রতা টুকুরও প্রয়োজন আছে বলে মনে করেন না। কংগ্রেসী মহল থেকে এই অভিযোগ জানানো হয়েছে তাঁদের দলের উচ্চ নেতৃত্বকে। বিরোধী দলনেতা আব্দুস সাত্তার তাঁদেরকে আশ্বাস দিয়ে জানান, শীঘ্রই এক কংগ্রেস প্রতিনিধি দল রাজ্য মুখ্য সচিবের সঙ্গে এ অভিযোগ নিয়ে আলোচনায় বসবেন।

## কুখ্যাত ডাকাত গ্রেপ্তার

অরঙ্গাবাদ : গত ৯ সেপ্টেম্বর সুতি থানার পুলিশ সাদা পোষাকে কুসুমগাছি গ্রাম থেকে কুখ্যাত ডাকাত তাজের সেখকে গ্রেপ্তার করে। তার বাড়ী থেকে একটি দেশী পিস্তল ও কিছু বোমা পাওয়া যায়। মুরারই থানায় ৬টি ডাকাতির আসামী তাজেরের নামে বীরভূম পুলিশ গত দুবছর আগে ওয়ারেন্ট জারী করলে সে কুসুমগাছি গ্রামে আশ্রয় নেয়। এখানে এসেও সে লালুপুর গ্রামের সুরেন মণ্ডলের বাড়িতে, সাইখাটার রুস্তম বিশ্বাসের বাড়িতে, কুসুমগাছির তোজাম্মেল হকের বাড়িতে পর পর ডাকাতি করে ঐ অঞ্চলে ত্রাসের সৃষ্টি করে। এখন সে জেল হাজতে। গ্রেপ্তারে গ্রামবাসীরা পুলিশের সঙ্গে সহযোগিতা করায় তাজেরের সাগরেদরা সে জামিন পেলেই এর বদলা নেওয়া হবে বলে গ্রামবাসীদের শাসাচ্ছে।

## স্কুল স্পোর্টস কমিটি

( ১ম পৃষ্ঠার পর )

রজনীকান্ত দাস রানিং শীল্ড, বালিকা বিভাগে জঙ্গিপুর হাই স্কুল অক্ষয় ঘোষ রানিং শীল্ড লাভ করে। সেমি ফাইনাল ও ফাইনাল ফুটবল খেলাগুলি অনুষ্ঠিত হয় রঘুনাথগঞ্জ স্কুল মাঠে। এই খেলায় ধর্মডাঙ্গা হাই স্কুল বিজয়ী হয়। বহরমপুরে ইন্টার সাব-ডিভিসন পর্যায়ে ফুটবলে জঙ্গিপুর হাই স্কুলের রাজেন্দ্র ঘোষ, শ্রীকান্তবাটী হাই স্কুলের গোপেশ মণ্ডল, সাগরদীঘি এস এন হাই স্কুলের মনোজ ঘোষ, বালিকাদের কাবাডিতে বোখারা জুবেদ আলি হাই স্কুলের শাহানাজ বেগম, খো খোতে সাগরদীঘি বালিকা বিদ্যালয়ের রীমা সাহানা, ছেলেদের কাবাডিতে জঙ্গিপুর হাই স্কুলের হাবিবুর রহমান শ্রেষ্ঠ খেলোয়াড় নির্বাচিত হয় ও জেলা দলে প্রতিনিধিত্ব করার সুযোগ পায়। বহুকাল পর নবীন স্পোর্টস কমিটির এই উদ্যোগ মহকুমার ক্রীড়ামোদীদের আনন্দিত করে। উল্লেখ্য, আন্তঃ জেলা স্কুল প্রতিযোগিতায় মুর্শিদাবাদ জেলা স্কুল দল সেনট্রাল কলকাতায় আগামী ১ অক্টোবর ফুটবল, ২ অক্টোবর কাবাডি (বালক-বালিকা) ৪ অক্টোবর খো খো ( বালক-বালিকা ) প্রতিযোগিতায় অংশ নেবে।

আনন্দ সংবাদ আনন্দ সংবাদ

কেবলমাত্র কয়েকদিনের জন্য

সেল সেল সেল

টেরিকট প্যাণ্টের কাপড় ১-১৫ মিঃ—৫২ টাকা মাত্র

টেরিকট জামার কাপড় প্রতি মিঃ—২১-৫০ টাকা মাত্র

সুতি ছাপা শাড়ী—৩৮ টাকা মাত্র

সিনথেটিক শাড়ী—৭০ টাকা মাত্র

রামায়ণ শাড়ী—৭০ টাকা মাত্র

সুতি কাপড় কেবলমাত্র ৭ টাকা মিটার

মহাবীর বস্ত্রালয়

রঘুনাথগঞ্জ ( ফুলতলা ) মুর্শিদাবাদ

ফোন নং : ১০৭

ঃ বিশেষ আকর্ষণ ঃ

৩০শে সেপ্টেম্বর '৮৮

'সিয়ারামস্'-এর ডিলারশিপের শুভ উদ্বোধন।

ঐ দিন সিয়ারামস্-এর মালে ২% বিশেষ ছাড়

এবং কোম্পানীর উপহার দেওয়া হইবে।

## রহস্যজনক ট্রাক উদ্ধার

ফরাক্কা : আজ ২৮ সেপ্টেম্বর এখানে জাতীয় সড়কের ধারে একটি খালি ট্রাককে (WGE 2376) পুলিশ আটক করে। ট্রাকটির কেবিনে প্রচুর রক্ত দেখা যায়। পুলিশ জানায়, গত ২৭ সেপ্টেম্বর এই ট্রাকটির ড্রাইভার ও খালাসি নদীয়ার নাকাশিপাড়ায় দু'জন ট্রাক আরোহীকে খুন করে ওদের মাল নিয়ে এদিকে পালিয়ে আসে। এই ঘটনার তদন্তে নদীয়া থেকে একজন পুলিশ অফিসারও আজ এখানে এসেছেন। গাড়ীর কেবিনে মসুর ডাল জাতীয় সামগ্রী পড়ে থাকতে দেখা যায়। এই এলাকার ব্যবসায়ীদের মধ্যেও ঐ মাল বিক্রী হতে পারে বলে পুলিশ সন্দেহ করছে। ট্রাক মালিকের বাড়ি রানাঘাট। তাঁকে পুলিশ ম্যাসেজ পাঠানো হয়েছে।

## প্রশাসন বলতে কিছু নাই

(১ম পাতার পর)

ফরাক্কায় তাঁর দীর্ঘ অনুপস্থিতির কারণ সম্বন্ধে কেউ কেউ বলছেন পুরনো চাপা দেওয়া ঘটনা নিয়ে পুনরায় নাকি সি বি আই তদন্ত শুরু হচ্ছে। এবং সেই কারণেই নাকি ফরাক্কা ছেড়ে চলে গেছেন। তাই বল্গাহীন ফরাক্কা প্রোজেক্টে রামরাজত্ব কায়েম হয়েছে।

## হিসাব নিতে সভা

(১ম পাতার পর)

অধীনে আনা হয়েছে। লাগানো হয়েছে ৯০০০০ চারা গাছ এবং কাজ সুষ্ঠুভাবে চলছে বলে জানা যায়। এই চারাগাছগুলি মির্জাপুর, অনুপপুর, রমাকান্তপুর, বাড়ালা ক্যানেলের ধার, নাইত-বৈদরার রাস্তার দুই ধারে লাগানো হয়েছে। উক্ত কাজের জন্য জিলা পরিষদ ইতিমধ্যেই ৩৫০০০ টাকা ও ২৩'৯ মেট্রিক টন গম মঞ্জুর করেছেন। এন, আর ই, পি (এন) অনুযায়ী বর্তমান বছরে আরো ৩০০০০ চারা ১৫ হেক্টর জমিতে লাগাবার ব্যবস্থা হয়েছে। জিলা পরিষদের মাধ্যমে ঐ চারাগাছগুলি সরবরাহ করে 'বিমুল' সংস্থা। এই পঞ্চায়েত সমিতির অধীন ৬টি গ্রাম পঞ্চায়েত এলাকায় গাছ লাগানো জোর-কদমে চলছে। ইতিমধ্যে ৫টি গ্রাম পঞ্চায়েতে ২৫০০০ চারা লাগানো শেষ হয়েছে। জিলা পরিষদ প্রাথমিকভাবে প্রকল্পের জন্য ৩০,০০০ টাকা মঞ্জুর করেছেন। ডিসেন্ট্রালাইজড নারসারী স্কীমে এবছর ১ লক্ষ চারাগাছ তৈরী হয়েছে। এর মধ্যে ৯০ হাজার ১নং পঞ্চায়েত সমিতিকে ও ১০,০০০ ২নং ব্লক পঞ্চায়েত সমিতিকে দেওয়া হবে। এই প্রকল্পে জিলা পরিষদ ৩০,০০০ টাকা ও ১৫ মেট্রিক টন গম মঞ্জুর করেছেন।

## মৈত্রী যাত্রা

(১ম পাতার পর)

করেছেন। চলতি দ্বিতীয় পর্যায়ে প্রত্যেকে একটি করে ছোট দাঁড়-টানা বিশেষ নৌকা (কেনো) নিয়ে গত ১৫ আগষ্ট দিল্লীর যমুনা নদীর 'ওখলা ব্যারেজ' থেকে যাত্রা শুরু করে বিভিন্ন প্রদেশ হয়ে ১৭ সেপ্টেম্বর ফরাক্কায় এসে পৌছান। এখান থেকে নবদ্বীপে একটি সম্বর্ধনা গ্রহণ করে কলকাতা হয়ে এই পর্যায়ের শেষ লক্ষ সুন্দরবনে যাবেন ওঁদের পৌছানর আনুমানিক তারিখ ২৬ সেপ্টেম্বর বলে শ্রীবোস জানান। প্রসঙ্গত তিনি আরও জানান, তাঁদের এই বিপুল ব্যয় ভার বহন করছেন কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার যৌথ-ভাবে। যাত্রা পথে বিভিন্ন অভিজ্ঞতা ওরা সঞ্চয় করেছেন এবং সেইসঙ্গে বিভিন্ন প্রদেশের প্রশাসনিক সাহায্যও ওঁরা পেয়েছেন। আজ ১৯ সেপ্টেম্বর ফরাক্কা থেকে ভারতীয় নৌবাহিনীর লেঃ কঃ রঞ্জিৎ লাহিড়ীও ইন্স-টিটিউটের অভিজ্ঞ শিক্ষক ক্যাপ্টেন রথীন মুখার্জীর নেতৃত্বে অভিযাত্রী ছাত্র অরিন্দম বোস, প্রবীর রায়' মলয় ভট্টাচার্য্য ও ত্রিদিব চৌধুরী পুনরায় সুন্দরবনের উদ্দেশে যাত্রা শুরু করেন।

## মুক্তিবাবুর হাতের মুঠোয়

(১ম পাতার পর)

তাঁর কাছে যেতে পারলে বা অভি-যোগ জানাতে পারলে ফায়সালা একটা কিছু হবে। কিন্তু জানা যায় সেখানেও নাকি বৈতরণী মুক্তিবাবু। মুক্তিবাবুর দাপটে সাধারণের কাছে সি পি এম দলের ভাবমূর্তি ম্লান হচ্ছে বলে প্রাচীন সি পি এম সমর্থকরাও মনে করেন। কিন্তু উপরতলার নেতাদের কাছে মুক্তিবাবুর বিরুদ্ধে কিছু বলতে তাঁরা ভয় পান। এঁদের অভিযোগ, দলের পাণ্ডা-গিরির সুযোগে এই নেতাটি নাক নিজের হাল ফিরিয়ে ফেলেছেন। একদিনের সর্বহারা মুক্তিবাবুর নাকি এখন জমি, বাড়ি হয়েছে, চেহারায় জৌলুষ ফিরেছে। তাঁর বাহন এখন 'ইন্দোসুজুকী'।


প্রকাশের পথে
মাসিক সাহিত্য সংকলন
**রূপান্তর**
লেখা পাঠান/বিজ্ঞাপন দিন
যোগাযোগ :
মোল্লা আনোয়ারুল ইসলাম
(শিক্ষক)
রঘুনাথগঞ্জ ফুলতলা মোড়
মুর্শিদাবাদ

যৌতুকে VIP
সকল অনুষ্ঠানে VIP
ভ্রমণের সাথী VIP
এর জুড়ি কি আর আছে!
সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের
VIP সেন্টারে
এজেন্ট
প্রভাত ষ্টোর (দুলুর দোকান)
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এ্যাণ্ড কোং
লিমিটেড
কলিকাতা । নিউ দিল্লী

ফ্রি সেলে নন লেভি এ সি সি এল এণ্ড টি সমেন্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে সরবরাহ করে থাকি কোম্পানীর অনুমোদিত ডিলার
ইউনাইটেড ট্রেডিং কোং
প্রোঃ রতনলাল জৈন
পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)
ফোন জঙ্গিঃ ২৫, রঘুঃ ১৬৬

সুযোগ নিন। এখন থেকে ঘরে বসেই আপনার দেয় করের ( Tax ) রিটার্ণ, আইনানুগ হিসাব (Accounts) সংরক্ষণ এমন কি অডিট করিয়ে নিন।
যোগাযোগ—
শঙ্খনাথ চ্যাটার্জী
প্রযত্নে বিশ্বপতি চ্যাটার্জী
পাকুড়তলা ॥ রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে [illegible] পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।